

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর
(www.sadar.faridpur.gov.bd)

স্মারক নং- ০৫.১২.২৯৪৭.০০০.১১.০০৩.২৩- ২০২৫

তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ফরিদপুর জেলার ফরিদপুর সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নে শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। ফরিদপুর সদর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের নিম্নোক্ত ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	ইউনিয়ন	পদের নাম	ওয়ার্ড নং	নিয়োগ পদ্ধতি	বেতন	প্রয়োজনীয় যোগ্যতা
১.	গেরদা	মহল্লাদার	০১	সরাসরি নিয়োগ	সরকার কর্তৃক নির্ধারিত (৩২৫০/- সরকারি অংশ + ৩২৫০/- ইউপি অংশ) =৬৫০০/-	অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

নিয়োগের শর্তাবলী

- মহল্লাদার প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে। তবে উল্লেখ্য যে, ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ করা যাবে।
- আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে), খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) বয়স জ) জাতীয়তা, বা) ধর্ম, ঞ) শিক্ষাগত যোগ্যতা, ট) অভিজ্ঞতা (যদি থাকে), ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে।
- শারীরিক যোগ্যতা:**
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি, খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৫০ কেজি
মহিলা প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট, খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি, খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্তৃকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি, চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
- মহল্লাদার পদে প্রার্থীর বয়স ১০/১১/২০২৩ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবর্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটেড মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঞ্জীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- প্রার্থীর জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র/শিক্ষাগত যোগ্যতার সনদ বয়সের প্রমাণক হিসেবে বিবেচিত হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন আগামী ২৩/১১/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

১২. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
১৩. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম/কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
১৪. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, ফরিদপুর হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।
১৫. প্রার্থীকে নিয়োগ পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১৬. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
১৭. কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।
১৮. পরবর্তীতে প্রার্থীদের চাকুরি স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(লিটন ঢালী)

উপজেলা নির্বাহী অফিসার

ফরিদপুর সদর, ফরিদপুর

☎ ০৬৩১-৬২৫০২

E-mail : unofaridpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১২.২৯৪৭.০০০.১১.০০৩.২৩- ২০২৬ (৭)

তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, ফরিদপুর।
২. পুলিশ সুপার, ফরিদপুর।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
৫. অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, ফরিদপুর।
৬. উপজেলা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
৭. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফরিদপুর সদর, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৮. চেয়ারম্যান, ডিক্রিচার/কৃষ্ণনগর ইউপি, ফরিদপুর সদর, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান এবং ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর

